


যুগান্তর

সরকারি হল আরও ৪ বেসরকারি হাইস্কুল

প্রকাশ : ৩০ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

আরও ৪টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারি করা হয়েছে। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এ নিয়ে এখন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়াল ৬৩৫টি।

নতুন সরকারি বিদ্যালয়গুলো হচ্ছে- বগুড়ার শাজাহানপুরের চাঁচাই তারা-মদলাযুক্ত উচ্চ বিদ্যালয়, পঞ্চগড়ের বোদা পাইলট স্কুল অ্যান্ড কলেজ, ময়মনসিংহের ফুলবাড়িয়া মডেল পাইলট উচ্চ বিদ্যালয় এবং ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়। প্রজ্ঞাপনে বলা হয়, সরকারি হওয়া এসব প্রতিষ্ঠান থেকে কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

যেসব উপজেলায় সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ নেই, সেসব উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও কলেজকে সরকারিকরণের ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর অংশ হিসেবে সরকার এ সিদ্ধান্ত নিল।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।